# কুমিল্লা বোর্ড-২০১৫

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**১.▶** দশম শ্রেণির শিক্ষার্থী সৌমিকের পত্রিকায় সাহিত্যের পাতাগুলোর প্রতি আগ্রহ বেশি। মামার সাথে বইমেলায় গিয়ে অবসরকালীন বিনোদনের জন্য কয়েকটি বই কিনে নেয়। মামা তাকে বলেন, জ্ঞানের ভাণ্ডারকে সমৃদ্ধ করতে হলে বই পড়ার বিকল্প নেই। সৌমিকের বই পড়ার আগ্রহ দেখে, মামা তাকে বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরিতে ভর্তি করে দেন।

ক. সুশিক্ষিত লোক মাত্রই কী? ১

খ. মনের হাসপাতাল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মূলভাব 'বইপড়া' প্রবন্ধের কোন দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটির মূলভাব মূলত 'বইপড়া' প্রবন্ধের মূলভাবের অংশবিশেষকে প্রস্ফুটিত করে।'— বক্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

**২.▶** চৈত্রের শেষে ব্যবসায়ী আতিক সাহেবের মন আনন্দে শিহরিত হয়ে ওঠে। নতুন বছরকে স্বাগত জানাতে তিনি উন্মুখ হয়ে থাকেন। যাতে পুরোনো হিসাব-নিকাশ চুকিয়ে নব উদ্যমে ব্যবসায়িক কার্যক্রম চালাতে পারেন। তিনি মনে করেন, নববর্ষ বাঙালির ঐতিহ্য, সুখ-শান্তি ও সমৃদ্ধির প্রতীক।

ক. বাঙালির সর্বশ্রেষ্ঠ উৎসব কোনটি? ১

খ. হালখাতা অনুষ্ঠানটি পালন করা হয় কেন? ২

গ. উদ্দীপকে 'পয়লা বৈশাখ' রচনার যে দিকের আভাস দেয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

http://teachingbd.com

ঘ. ‘পয়লা বৈশাখ’ অবলম্বনে উদ্দীপকের সর্বশেষ লাইনটির সপক্ষে তোমার নিজস্ব অভিমত ব্যক্ত কর। ৪

৩.▶ সেবিকা অনন্যা মুক্তিযোদ্ধাদের অস্থায়ী ক্যাম্পে যুদ্ধাহতদের সেবা-শুশ্রূষা করেছিলেন। হৃদয়বিদারক সেই স্মৃতি আজো তাকে তাড়িত করে। অবসর সময়ে তিনি নাতি-নাতনিদের নিয়ে মুক্তিযোদ্ধাদের ত্যাগের কথাগুলো স্মৃতিচারণ করেন।

ক. ঢাকার কয় জায়গায় গ্রেনেড ফেটেছে? ১

খ. স্কুল খুললেও জামী স্কুলে যাবে না কেন? ২

গ. উদ্দীপকের বিষয়টি নবীন প্রজন্মকে কীভাবে উদ্বুদ্ধ করবে তা ‘একাত্তরের দিনগুলি’ রচনার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘উদ্দীপকের অনন্যার কর্মকান্ড এবং ‘একাত্তরের দিনগুলি’ রচনার লেখিকার প্রয়াস এক ও অভিন্ন’— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶ সৌহার্দ্য ব্যারিস্টারি পড়ার জন্য কানাডা গেলেও মন পড়ে থাকে কর্ণফুলীর তীরের সেই ছায়াঘেরা গ্রাম নন্দীপুরে। নদীর দু'তীরের প্রাকৃতিক শোভা ও শৈশবের স্মৃতি মনে করতেই সে আবেগতাড়িত হয়। তার ধারণা, বাংলা সাহিত্য সম্ভারের অনেক অংশ জুড়ে রয়েছে নদীর অবস্থিতি।

ক. বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তন করেন কে? ১

খ. ‘স্নেহের তৃষ্ণা বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সৌহার্দ্যের অনুভূতি ‘কপোতাক্ষ নদ’ কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘উদ্দীপকে যে ভাবটি প্রতিফলিত হয়েছে তা যেন কপোতাক্ষ নদ’ কবিতার মূলভাব’ — উক্তিটির মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৫.▶ দৃষ্টি প্রতিবন্ধী ফুলবানুর ইচ্ছে ছিল লেখাপড়া শিখে স্বনির্ভর হবে। বাবার সহযোগিতায় সে ব্রেইল পদ্ধতিতে লেখাপড়া শিখে। পরবর্তীতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে নিযুক্ত হয়। দৃষ্টি প্রতিবন্ধী হলেও অদম্য ইচ্ছার কাছে হার মেনেছে অন্ধত্বের অভিশাপ।

ক. সমাজ কাদের অবজ্ঞা করে? ১

খ. 'দিঘীর ঘাটে নতুন সিঁড়ি জাগে'– কথাটি বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের সাথে 'অন্ধবধূ' কবিতার কোন অংশটি সাদৃশ্যপূর্ণ—ব্যাখ্যা কর।৩

ঘ. 'উদ্দীপকের ফুলবানু এবং 'অন্ধবধূ' চরিত্রের ভাব সম্পূর্ণ আলাদা'— মূল্যায়ন কর। ৪

৬.▶ স্বামীহারা রাহেলা বানু নির্মাণ শ্রমিক হিসেবে অক্লান্ত পরিশ্রম করে একমাত্র সন্তান শিপুকে লেখাপড়া শেখান। স্নেহবাৎসল্য থাকলেও তা অন্তরে ধারণ করে তিনি সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করতে প্রতিজ্ঞাবদ্ধ।

ক. রুগ্ন ছেলের শিয়রে কে জাগছে? ১

খ. শিয়রের কাছে নিবু নিবু দীপের সাথে বিরহী মায়ের পরান দোলে কেন? ২

গ. উদ্দীপকের রাহেলা বানুর মধ্যে 'পল্লিজননী'র যে গুণের আভাস দেয়া হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার মমতাময়ী মায়ের চেতনার সামগ্রিক দিক ফুটে ওঠেনি– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ ফুলবাড়ি গ্রামের জনগণ জমির উদ্দীনের অত্যাচারে সব সময় আতঙ্কে দিন যাপন করত। এমনকি গ্রামের সালিশ বিচারও তার হুকুমে চলত। কেউ প্রতিবাদ করলে তার ওপর অমানুষিক নির্যাতন নেমে আসত। কিশোর রাসেল এই বর্বরতার দৃশ্য দেখে একসময় প্রতিবাদী হয়ে ওঠে। গ্রামীবাসীদের সহযোগিতায় জীবনের ঝুঁকি নিয়ে সে জনমত গড়ে তোলে। তার একটাই প্রতিজ্ঞা, গ্রামবাসীকে এ অত্যাচার থেকে রক্ষা করবে।

Teachingbd.com

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে? ১

খ. 'আধা-পোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে'— কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত কাহিনি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কিশোর রাসেলের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল বক্তব্য — যুক্তিসহ প্রমাণ কর। ৪

৮.▶ উচ্চ শিক্ষিত শৈলী বিয়ের পর শিক্ষকতা পেশায় নিযুক্ত হয়। এতে তার স্বামী সামান্য অনীহা প্রকাশ করেন। হঠাৎ সড়ক দুর্ঘটনায় শৈলীর স্বামী পঙ্গু হয়ে পড়লে, শৈলীকেই সংসারের হাল ধরতে হয়। এবার শৈলীর স্বামী উপলব্ধি করেন, সুখী ও সুন্দর সমাজ গঠনে নারীর স্বনির্ভরতা আবশ্যক।

ক. 'বহিপীর' নাটকে ডেমরাঘাট থেকে উদ্ধার করা মেয়েটির নাম কী? ১

খ. 'এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতাম না'— এ কথাটি বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের শৈলী আর 'বহিপীর' নাটকের 'তাহেরা' চরিত্রের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শৈলীর চেতনা প্রগতিশীল কিন্তু তাহেরার জীবনযাত্রা ছিল অনিশ্চিত'— কথাটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯.▶ সাকিব পিতামাতাকে হারিয়ে চাচির সংসারে বেড়ে ওঠে। অভাবের সংসারে চাচি তাকে বোঝা মনে করলে, সাকিব তখন আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উপজেলা যুব অধিদপ্তরের অধীনে প্রশিক্ষণ গ্রহণ করেন এবং একজন সফল নার্সারি মালিক হিসেবে সাফল্য অর্জন করেন।

ক. কুন্তি কে? ১

খ. বুধার চোখ লাল হয়ে ওঠে কেন? ২

গ. বুধা ও সাকিবের কর্মকাণ্ডে যে অমিল লক্ষ করা যায় তা তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চারিত্রিক বৈশিষ্ট্যের আংশিক প্রতিফলন মাত্র— মন্তব্যটি বিচার কর। ৪

http://teachingbd.com

# কুমিল্লা বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. গ্রিক মনীষী এ্যারিস্টটল নাটকে কয়টি ঐক্যের কথা বলেছেন?
ক) দু'টি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

২. 'বহিপীর' নাটকে কেন্দ্রীয় চরিত্র কোনটি?
ক) তাহেরা খ) হাশেম
গ) বহিপীর ঘ) হাতেম

৩. হাতেম আলির সামান্য জমিদারি কোথায় আছে?
ক) কেশবপুরে খ) রেশমপুরে
গ) বিরামপুরে ঘ) বিলাসপুরে

৪. 'নিরীহ বাঙালি' প্রবন্ধে লেখিকা সজিনার সাথে বাঙালির কীসের সাদৃশ্য নির্ণয় করেছেন?
ক) শাড়ির খ) ধুতির
গ) ভূঁড়ির ঘ) ঘুমের

৫. লেখক শরৎচন্দ্রের পরে বাংলা কথা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় শিল্পী কে?
ক) মানিক বন্দ্যোপাধ্যায়
খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
ঘ) বনফুল

৬. 'সেদিনের ছোঁড়া, ঢঙ কত!'— উক্তিটি কার?
ক) কুন্তির খ) রানির
গ) বুয়ার ঘ) রবির

৭. 'অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতা-মাতার লাশের উপর।'— চরণটি নির্দেশ করছে—
i. নির্মমতা ii. নিষ্ঠুরতা
iii. বিবেকহীনতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৮. লেখিকা সেলিনা হোসেন কত সালে জন্মগ্রহণ করেন?
ক) ১৯৪৫ খ) ১৯৪৬
গ) ১৯৪৭ ঘ) ১৯৪৮

৯. অকাল বার্ধক্যে নত কে?
ক) জমিলার মা খ) সখিনার মা
গ) কদম আলী ঘ) সগীর আলী

১০. 'রৌদ্র-দগ্ধ ধানক্ষেত আজ তার স্পর্শ পেতে চায়'— কার স্পর্শ পেতে চায়?
ক) বাতাসের খ) কৃষকের
গ) বৃষ্টির ঘ) প্রজাপতির

১১. 'আমার পরিচয়' কবিতায় খুঁজে পাওয়া যায়—
ক) মানুষের ইতিহাস খ) দেবালয়ের ইতিহাস
গ) বাঙালির ইতিহাস ঘ) কবিতার ইতিহাস

১২. বাংলা ভাষার শব্দের শতকরা বায়ান্নটি শব্দ হলো—
ক) তৎভব ও অর্ধতৎসম খ) তৎভব ও তৎসম
গ) অর্ধতৎসম ও দেশি ঘ) খাঁটিবাংলা ও তৎসম

১৩. 'বহিপীর' নাটকে কুসংস্কারাচ্ছন্ন ও অত্যন্ত ধর্মভীরু চরিত্র কোনটি?
ক) হকিকুল্লাহ খ) হাতেম আলী
গ) খোদেজা ঘ) তাহেরা

১৪. হুতুমের ডাককে মায়ের মনে হয়েছে—
i. মরণের দূত ii. কুয়াশা কাফন
iii. মৃত্যুশংকা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i ও ii

উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'গাহি সাম্যের গান—
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'

১৫. উদ্দীপকের সাথে তোমার পঠিত কোন প্রবন্ধের মিল খুঁজে পাও?
ক) নিরীহ বাঙালি
খ) শিক্ষা ও মনুষ্যত্ব
গ) উপেক্ষিত শক্তির উদ্বোধন
ঘ) পয়লা বৈশাখ

১৬. উদ্দীপক ও প্রবন্ধের মধ্যে ভাবগত ঐক্য হলো—
i. সত্যবাদিতায়
ii. সাম্যবাদিতায়
iii. অসাম্প্রদায়িকতায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

১৭. প্রাতে বরাকর নদীর কোন পারে গাড়ি থামল?
ক) উত্তর খ) দক্ষিণ
গ) পূর্ব ঘ) পশ্চিম

১৮. 'বাবা, আমাদের তবে এবার পথে ভাসালে?'— উক্তিটি কার?
ক) হরেকৃষ্ণ খ) হরমোহন
গ) রামসুন্দর ঘ) নবীন মাধব

১৯. রসিকের হতবুদ্ধির মত দাঁড়ানোর কারণ—
i. তাকে কেউ এত ভালোবাসে তা জেনে
ii. দারোয়ান তাকে কষে চড় মারাতে
iii. কেউ তার পায়ের ধুলো চাইতে পারে, তা শুনে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২০. 'কেননা দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, আত্মার হয় না।'— বাক্যটি তোমার পঠিত কোন রচনা থেকে নেয়া হয়েছে?
ক) নিরীহ বাঙালি খ) শিক্ষা ও মনুষ্যত্ব
গ) বই পড়া ঘ) নিমগাছ

Teachingbd.com

http://teachingbd.com

২১. 'অভাগীর স্বর্গ' গল্পে দেখা যায়— অভাগী প্রায়ই খিদে না থাকার ছলনা করে তার সন্তান কাঙালির জন্য খাবার রেখে দেয়।— এখানে 'অভাগী' চরিত্রটির সাথে 'আমার সন্তান' কবিতার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
ⓚ ভবানন্দ ⓛ অন্নপূর্ণা
ⓜ পাটুনী ⓝ কুলবধূ

২২. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি সাগরকে কীরূপে কল্পনা করেছেন?
ⓚ রাজা ⓛ প্রজা
ⓜ মাতা ⓝ সখা

২৩. 'ওহে জীব কর আকিঞ্চন।'— এখানে 'আকিঞ্চন' বলতে কবি কী বুঝিয়েছেন?
ⓚ সংকোচন ⓛ চেষ্টা করা
ⓜ কষ্ট করা ⓝ প্রসারণ

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

১৩-১৪ বছর বয়সের কিশোরী টুনি। বিয়ে হলেও সংসার সম্পর্কে কিছুই বোঝে না সে। সারাদিন পাড়া বেড়ানো, মাছমারা, শাপলা তোলা, খেজুর গাছে চড়ে রস পাড়া এসব কিছুতেই যেন আনন্দ তার।

২৪. উদ্দীপকের টুনির সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কার মিল রয়েছে?
ⓚ অপু ⓛ দুর্গা
ⓜ জয়া ⓝ স্বর্ণ

২৫. সাদৃশ্যপূর্ণ চরিত্র দু'টির ভাবগত ঐক্য হলো—
i. দুরন্তপনায় ii. কৈশোরের চঞ্চলতায়
iii. সাংসারিক বৈরাগ্যে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৬. 'উলঙ্গ তরবারি' বলতে লেখক বুঝিয়েছেন—
ⓚ খোলা তরবারি ⓛ খাপযুক্ত তরবারি
ⓜ বিরাট তরবারি ⓝ মণিখচিত তরবারি

২৭. নিমগাছটার কার সাথে যেতে ইচ্ছে করলো?
ⓚ কবিরাজের ⓛ লোকটার
ⓜ লেখকের ⓝ বিজ্ঞের

২৮. 'প্রাণ' কবিতাটি কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
ⓚ সোনার তরী ⓛ কড়ি ও কোমল
ⓜ ক্ষণিকা ⓝ মানসী

২৯. 'মন্দ নেহাত হয় না কিন্তু তায়—
অন্ধ চোখের দ্বন্দ্ব চুকে যায়!'— এখানে ফুটে উঠেছে বধূটির—
i. অভিমান ii. কষ্টবোধ
iii. অন্তর্জালা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩০. 'ভয় দ্যাখায় চোখ পাকায়'— কে?
ⓚ বিজন দেশ ⓛ ঝুম-পাহাড়
ⓜ পাত কুয়া ⓝ কাল সার

৩১. লেখকের মতে বাঙালির শ্রেষ্ঠ উৎসব কোনটি?
ⓚ বিজয় মেলা ⓛ বাংলা নববর্ষ
ⓜ পিঠা উৎসব ⓝ হালখাতা

৩২. রুমী ও তাঁর সহযোদ্ধাদের বিভিন্ন অপারেশনে সহযোগিতা করেন কে?
ⓚ জাহানারা ইমাম ⓛ সেলিনা হোসেন
ⓜ সুফিয়া কামাল ⓝ সন্‌জীদা খাতুন

৩৩. বাংলা ভাষায় সার্থক ছোটগল্পকারের অনন্য দৃষ্টান্ত রেখেছেন কে?
ⓚ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
ⓛ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
ⓜ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓝ মানিক বন্দ্যোপাধ্যায়

৩৪. 'আশিটা বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু, আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু।'
— এখানে প্রকাশ পেয়েছে—
ⓚ কৃতজ্ঞতা ⓛ আবেগ
ⓜ ফরিয়াদ ⓝ প্রতিবাদ

৩৫. শিশিরের জলে আর ভিজবে না—
ⓚ শিউলি ফুল ⓛ চালতা ফুল
ⓜ কদম ফুল ⓝ কামিনী ফুল

৩৬. কে ছোটবেলায় ভূতের গল্প শোনেনি?
ⓚ বিনু ⓛ বুধা
ⓜ জেলে ⓝ শিলু

৩৭. কপালে কব্জিতে কারা লালসালু বেঁধে এসেছিল?
ⓚ কৃষক ⓛ শ্রমিক
ⓜ মধ্যবিত্ত ⓝ কেরানি

৩৮. শান্তি কমিটির চেয়ারম্যানের নাম কী?
ⓚ কদম আলী ⓛ আহাদ মুন্সি
ⓜ কুদ্দুস শেখ ⓝ শাহাবুদ্দিন

**নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

মুহম্মদ জাফর ইকবালের লেখা 'আমার বন্ধু রাশেদ' গল্পে দেখা যায়, রাশেদ বিভিন্নভাবে মুক্তিযোদ্ধাদের সাহায্য করে। এ কারণে এক সময় রাজাকারের হাতে মৃত্যু হয় তার। কিন্তু অসীম সাহসী রাশেদ মৃত্যুভয়ে মোটেও ভীত ছিল না।

৩৯. উদ্দীপকের রাশেদের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের মিল রয়েছে?
ⓚ মধু ⓛ বুধা
ⓜ ফজু ⓝ কুন্তি

৪০. চরিত্র দু'টির একাত্মতা প্রকাশ পেয়েছে—
i. স্বদেশপ্রেম ii. সাহসিকতায়
iii. সচেতনতায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | খ |

http://teachingbd.com